

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ২৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৫৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফপিএমসি)' নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

- | | |
|--|----------|
| ১. মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় | : সভাপতি |
| ২. মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | : সদস্য |
| ৩. মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : সদস্য |
| ৪. মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : সদস্য |
| ৫. মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | : সদস্য |
| ৬. মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | : সদস্য |
| ৭. মন্ত্রী/প্রতিমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : সদস্য |
| ৮. মন্ত্রী/প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : সদস্য |
| ৯. মন্ত্রিপরিষদ সচিব | : সদস্য |
| ১০. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | : সদস্য |
| ১১. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : সদস্য |
| ১২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : সদস্য |

(৫৭৪৫)

মূল্য : টাকা ৪.০০

১৩.	সচিব, খাদ্য মন্ত্রণালয়	: সদস্য
১৪.	সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	: সদস্য
১৫.	সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	: সদস্য
১৬.	সচিব, অর্থ বিভাগ	: সদস্য
১৭.	সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	: সদস্য
১৮.	সচিব, কৃষি মন্ত্রণালয়	: সদস্য
১৯.	মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়	: সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) কমিটির কার্যপরিধি :

- (১) কমিটি সার্বিক খাদ্য পরিস্থিতির উপর নিয়মিত নজর রাখবে;
- (২) কমিটি খাদ্যশস্য উৎপাদনের পরিসংখ্যান, খাদ্যশস্যের চাহিদা নিরূপণ, খাদ্যশস্যের মজুদ, সামগ্রিক খাদ্য ব্যবস্থাপনা, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং খাদ্য সম্পর্কিত অন্যান্য বিষয় পর্যালোচনা করে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সরকারকে পরামর্শ প্রদান করবে; এবং
- (৩) পুষ্টিসম্মত ও নিরাপদ খাদ্যের নিশ্চয়তা বিধানকল্পে বাস্তব পরিস্থিতি পর্যালোচনা করে সরকারকে প্রয়োজনমত পরামর্শ প্রদান করবে।

(গ) খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ) কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোসাম্মৎ নাসিমা বেগম
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)